

2020

BENGALI

(Major)

Paper : 6.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) “আমি যে ম্যাট্রিক পাশ করলাম।” বক্তা কে ?
- (খ) ‘গুণধরের অসুখ’ নাটকটির প্রকাশকাল কত ?
- (গ) শূন্যস্থান পূর্ণ করো :
“পিঠে _____ লেখা কাগজটা নিয়ে গুণধর কলোনি
পরিক্রমায় বেরিয়েছে।”
- (ঘ) গেম টিচার বীরেনবাবু শ্রেণিকক্ষে কোন বিষয় পড়াতেন ?
- (ঙ) ‘পরের দিন বড়দিন’ এই কিশোর উপন্যাসটি কোন
পত্রিকায় ধারাবাহিকভাবে বেরোত ?

- (চ) সুজিৎ চৌধুরীর মামা কত বছর বয়সে মারা গিয়েছিলেন ?
 (ছ) ‘সিরাজের স্বপ্ন’ নাটকটির নাট্যকার কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৪ = ৮$

- (ক) “তোরা কেউই কোনো কথা স্পষ্ট করে বলছিস না আমাকে।” বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে এ কথা বলা হয়েছে ?
 (খ) “একে মোটামুটি একটা মানুষের আদল দেবার জন্য, সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হলে, বাধ্য হয়ে আমার দোকানে লাগিয়ে দিয়েছিলাম।” দোকানটির নাম কী ? এটি কোথায় অবস্থিত ?
 (গ) “সদা হাস্যময়, মিশুক যুবক, তার সঙ্গে গল্প খুব জমে গেল।” বক্তা কে ? মিশুক যুবকটির নাম কী ?
 (ঘ) “তিনি বাবার বিয়ের ঘটক।” কে ঘটক ছিলেন ? তাঁর মূল পেশা কী ছিল ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : $৫ \times ৩ = ১৫$

- (ক) “বড়ো দুঃখে গাওয়া যায় না। বড়ো আনন্দে গাওয়া হয় না।” উক্তিটি কার ? কোন্ প্রসঙ্গে করা হয়েছে ? আলোচনা করো।
 (খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
 “অনেক আঘাত করেছি। আসলে ওই হারমোনিয়ামটা ছাড়া বাঁচতে হবে ভাবলেই পাগল হয়ে যেতাম।”

- (গ) “নকল টাকাটা ফেলে দিয়ে বাবার কাছে একটু মিথো বললেই তো ঝামেলা চুকে যায়।” উক্তিটি কার ? প্রসঙ্গটি উল্লেখ করে আলোচনা করো।
 (ঘ) “কেষ্ট ঠাকুরকে দেখিসনি, কালোর জেঞ্জায় কেমন জগৎ মাতিয়ে দিয়েছিল।” উক্তিটি কার ? বিষয়টি আলোচনা করো।
 (ঙ) “বাবা মাকে আগেই বলে দিয়েছিলেন যে মিছিলে পুলিশ মারধর করতে পারে, তখন যেন মা কান্নাকাটি না করেন বা মিছিল ছেড়ে না যান।” নীরদকুমার গুপ্তের ‘স্বাধীনতা সংগ্রামের স্মৃতি’ গ্রন্থ থেকে উদ্ধৃত এই মিছিলের যে বিবরণ আমরা পাই তা আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে সর্বমোট তিনটি প্রশ্নের বিশদভাবে উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

ক—গুচ্ছ

- (ক) ‘গুণধরের অসুখ’ নাটকের গুণধর চরিত্রটি বিশ্লেষণ করো।
 (খ) “এই নাটকের আলোচনায় কেউ অ্যাবসার্ড নাটকের, কেউ বিনির্মাণ তত্ত্বের, কেউ বাস্তব-পর্যায়ের উল্লেখ করতে পারেন। হয়তো সব দিক থেকেই সেসব আলোচনার সমর্থন মিলবে।” সমালোচকের এই মন্তব্যের আলোকে ‘গুণধরের অসুখ’ নাটকটির ‘অ্যাবসার্ড’ বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করো।
 (গ) ‘গুণধরের অসুখ’ নাটকটির হাস্যরস সম্বন্ধে আলোচনা করো।

খ — গুচ্ছ

- (ঘ) সুজিৎ চৌধুরী ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থে তাঁর প্রতিবেশী সম্বন্ধে যে স্মৃতিচারণ করেছেন তার একটি বর্ণনা ‘আমাদের প্রতিবেশীরা’ পাঠ অবলম্বনে প্রস্তুত করো।
- (ঙ) লেখক সুজিৎ চৌধুরী ‘মৎস্য-কূর্ম দ্বৈতপুরাণ’ পাঠে কচ্ছপের যে বিবরণ দিয়েছেন তা সবিস্তারে আলোচনা করো।
- (চ) “আমাদের শৈশবে গ্রামের মানুষের যৌথ বিনোদনের সর্বশ্রেষ্ঠ মাধ্যম ছিল যাত্রাগান।” ‘হারানো দিন হারানো মানুষ’ স্মৃতিগ্রন্থে লিপিবদ্ধ ‘যাত্রাগান’ সম্পর্কে সবিস্তারে আলোচনা করো।
